**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) গোমতী জেলার চন্দ্রপুরে একটি ওপেন ইউনিভার্সিটি স্থাপনের অনুমোদন দিয়েছে রাজ্য সরকার ।**

**(২) রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য থাকতে হবে বলেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ।**

**(৩) ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের আগামীকালের ভোট গণনার প্রস্তুতি চূড়ান্ত ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ১০৯টি প্রজাতির উচ্চ ফলনশীল, আবহাওয়া উপযোগী ও জৈব সুরক্ষিত বীজ দেশের কৃষকদের কাছে উন্মুক্ত করে দিয়েছেন ।**

**(৫) রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৯ দাবা প্রতিযোগিতায় বালক বিভাগে চ্যাম্পিয়ান দেবাংকুর ব্যানার্জি ও বালিকা বিভাগে চ্যাপিয়ান আর্শিয়া দাস ।**

************************************************

**Felicitation Techno India University :**

গোমতী জেলার চন্দ্রপুরে একটি ওপেন ইউনিভার্সিটি স্থাপনের অনুমোদন দিয়েছে রাজ্য সরকার। খুব শীঘ্রই এর কাজ শুরু

হবে। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে টেক্নো ইন্ডিয়া ইউনিভার্সিটি ত্রিপুরা আয়োজিত  এক অনুষ্ঠানে একথা বলেন। অর্থমন্ত্রী বলেন, রাজ্য সরকার শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। আজ উদয়পুরে রাজর্ষি হলে আয়োজিত এই অনুষ্ঠানে গোমতি জেলার ৫০টি স্কুলের মেধা ছাত্রছাত্রীদের সংবর্ধনা জানানো হয়। এছাড়া জেলার দ্বাদশ স্কুলের প্রধান শিক্ষকদেরও সংবর্ধনা জ্ঞাপন করা হয় টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির পক্ষ থেকে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, টেক্নো ইন্ডিয়া ইউনিভার্সিটির ভাইস প্রিন্সিপাল রতন চন্দ্র সাহা প্রমুখ।

**************************

**CM-Blood Donation :**

রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য থাকতে হবে। রক্তের যোগান বজায় রাখতে রক্তদান শিবিরের আয়োজন খুবই প্রয়োজন। আজ আগরতলা মেলারমাঠে বিপ্লবী ক্ষুদিরাম সামাজিক সংস্থা আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, বিপ্লবী ক্ষুদিরাম বসুর মৃত্যু বার্ষিকী উপলক্ষে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। জেলা হাসপাতালগুলিকে শক্তিশালী করতে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই অনেকগুলি ট্রমা সেন্টার চালু করা হয়েছে। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার,

মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, বিশিষ্ট সমাজসেবী কৃষ্ণা ভট্টাচার্য প্রমুখ।

******************************

**CM-Kumbhakalibari :**

আজ রাণীরবাজারের আসামপাড়ায় নবনির্মিত কুম্ভকালী মন্দিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, সনাতন ধর্ম প্রাচীন ও ঐতিহ্যবাহী ধর্ম। এই ধর্ম মানুষে মানুষে আত্মিক সম্পর্ককে যেমন সুদৃঢ় করে তেমনি ঐক্য ও সংহতি রক্ষায়ও মুখ্য ভূমিকা পালন করে। মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, খাদ্য ও জনসংভরণ মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক রতন চক্রবর্তী, বিধায়ক অন্তরা সরকার দেব প্রমুখ। মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে রক্তদান শিবির ও বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*******************************

**Vote-Counting :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা আগামীকাল সকাল আটটা থেকে শুরু হবে। রাজ্যের পয়ত্রিশটি ব্লকে ভোট গণনা হবে বলে জানান নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী। তিনি আরো জানান, একমাত্র কুমারখাট ব্লকে দুটি কাউন্টিং হল খোলা হয়েছে।

তিনি জানান, ভোট গণনা কেন্দ্রগুলিতে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। গণনা কেন্দ্রের বাইরে সিআরপিএফ এবং গণনা কেন্দ্রগুলির ভেতরে টিএসআর ও পুলিশ মোতায়েন করা হয়েছে

বলেও তিনি জানান। শ্রী চৌধুরী জানান, দু একটি ব্লকে প্রয়োজনীয় স্থান সংকুলান না হওয়ায় ব্লকের কাছাকাছি স্কুলে গণনা কেন্দ্রের ব্যবস্থা করা হয়েছে।

এদিকে, রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস জানিয়েছেন, এন আই সি-র সহযোগিতায় এই প্রথম ভোটের ফলাফল ওয়েব সাইটের মাধ্যমে জানার ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, sec-results. tripura. gov .in এই ওয়েব সাইটে ফলাফল জানা যাবে।

**************************

**Counting Centre security-South :**

দক্ষিণ জেলার ৭টি ব্লকের গণনা কেন্দ্রে আগামীকাল সকাল ৮টা থেকে শুরু হবে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা। গননা কেন্দ্রগুলিতে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে বলে আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন দক্ষিণ জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা। তিনি জানান, জেলার বিভিন্ন সংবেদনশীল এলাকাগুলিতে স্থায়ী পুলিশ পিকেট বসানো হবে এবং প্রতিটি থানা থেকে পুলিশের টহলদারি চলবে।

এদিকে, জোলাইবাড়ি ব্লকের রিটার্নিং অফিসার সুজিত দাস জানিয়েছেন, ব্লকের ভোট গণনা কেন্দ্রে ১৫টি টেবিলে একসঙ্গে ভোট গণনা শুরু হবে। জোলাইবাড়ি ব্লকে ৩টি জেলা পরিষদ ও ৫টি পঞ্চায়েত সমিতির আসনের ভোট গননা হবে বলেও তিনি জানান।

****************************

**Khudiram :**

ভারতের স্বাধীনতা সংগ্রামের অন্যতম বীর বিপ্লবী ক্ষুদিরাম বসুর আজ ১১৭তম আত্ম বলিদান দিবস। এই মহান বিপ্লবীর আত্ম বলিদান দিবস  উপলক্ষ্যে ক্ষুদিরাম বসু স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে আজ রাজধানীর উজ্জ্বয়ন্ত প্রাসাদ প্রাঙ্গন থেকে একটি বর্নাঢ্য প্রভাত ফেরি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে তাঁর মূর্তির পাদদেশে এসে মিলিত হয়। উপস্থিত সকলে ক্ষুদিরামের মূর্তিতে পুষ্প স্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। পরে তাঁর জীবন সংগ্রাম নিয়ে বক্তব্য রাখেন কমিটির সম্পাদক হরকিশোর ভৌমিক। আজ সন্ধ্যায় কংগ্রেস ভবনে ক্ষুদিরাম বসুর স্মরণে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরে কংগ্রেস কর্মীরা সম্মিলিতভাবে প্রদীপ প্রজ্জ্বলন করেন।

*******************************

**Khudiram-SFI :**

এস.এফ.আই-এর উদ্যোগেও আজ বিপ্লবী ক্ষুদিরাম বসুর ১১৭তম প্রয়াণ দিবস শ্রদ্ধার সঙ্গে পালন করা হয়। আগরতলার মেলারমাঠ ছাত্র-যুব ভবনে তাঁর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান রাজ্য সম্পাদক সন্দীপন দেব সহ অন্যান্যরা।

***********************

**CM-Assam Riflles brigadier meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে আজ তাঁর সরকারি বাসভবনে  গিয়ে সাক্ষাৎ করেন আসাম রাইফেলসের মেজর জেনারেল সুরেশ কুমার ভাম্‌ভু ও ব্রিগেডিয়ার মনিশ রানা। আসাম রাইফেলস-এর পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে,

মুখ্যমন্ত্রীর সঙ্গে সীমান্তের ওপারের পরিস্থিতি সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে।

*****************************

**DM Visit :**

পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার আজ মতিনগরে ভারত বাংলাদেশ সীমান্ত পরিদর্শন করেছেন। তিনি সীমান্তে কাঁটাতারের বেড়ার ওপারে বসবাসরত পরিবারের লোকজন ও বিএসএফ অফিসারদের সঙ্গে বৈঠক করেন। জেলা শাসক শ্রী কুমার জানান, মতিনগর সীমান্তের ওপারে ৭০টি ভারতীয় পরিবার রয়েছে।

*************************

**CM-Meyor and Corporator :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা পুর নিগমের মেয়র সহ কর্পোরেটরদের সঙ্গে বৈঠকে মিলিত হন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে অনুষ্ঠিত হয় এই বৈঠক। মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে জানান, প্রত্যেক কর্পোরেটরগন স্ব-স্ব ওয়ার্ডের বিভিন্ন প্রয়োজনীয় বিষয় এবং গুরুত্বপূর্ণ প্রস্তাব তুলে ধরেন। পরে মুখ্যমন্ত্রী আলোচনায় তাঁর অভিমত ব্যক্ত করেন।

**************************

**NEET-PG :**

২০২৪ সালের নিট-পিজি প্রবেশিকা পরীক্ষা আজ সম্পন্ন হয়েছে। দু লক্ষেরও বেশি পরীক্ষার্থী এই প্রবেশিকা পরীক্ষায় বসেছে।

উল্লেখ্য, এবছরের গত জুন মাসে এই পরীক্ষাটি স্থগিত রাখা হয়েছিল।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ১০৯টি প্রজাতির উচ্চ ফলনশীল, আবহাওয়া উপযোগী ও জৈব সুরক্ষিত বীজ দেশের কৃষকদের কাছে উন্মুক্ত করে দিয়েছেন। নয়া দিল্লিতে অবস্থিত ভারতীয় গবেষণা কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই বীজ কৃষকদের জন্য উন্মুক্ত করেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কৃষক এবং বিজ্ঞানীদের সাথেও এই নতুন প্রজাতির বীজগুলির গুরুত্ব নিয়ে কথা বলেন। প্রধানমন্ত্রী এই নতুন উন্নত প্রজাতির বীজ তৈরির জন্য বিজ্ঞানীদের অভিনন্দন জানান। উল্লেখ্য, এই ৬১টি শস্যের মধ্যে ৩৪টি মাঠে উৎপাদিত এবং ২৭টি উদ্যান পালনে বিভিন্ন শস্য বীজ।

**************************

**Banladesh :**

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান মহম্মদ ইউনুস সে দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর সহিংস আক্রমনের ঘটনার তীব্র নিন্দা করেছেন। বিক্ষোভের সামনের সারিতে থাকা ছাত্রদের উদ্দেশ্যে মহম্মদ ইউনুস আবেদন জানিয়েছেন যে, তারা যাতে সেদেশের সকল হিন্দু, খ্রিষ্টান এবং বৌদ্ধ পরিবারগুলোকে রক্ষা করেন। এদিকে, রাষ্ট্রসংঘের উপ মুখপাত্র ফারহান হকও সংখ্যালঘুদের উপর এই আক্রমনের ঘটনার নিন্দা করেন।

******************************

**Agartala-Press Club :**

বাংলাদেশে বর্তমান পরিস্থিতিতে সাংবাদিকদের উপর আক্রমণ ও হত্যার প্রতিবাদে আজ আগরতলা প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য, সম্পাদক রমাকান্ত দে, বরিষ্ঠ সম্পাদক সুবল কুমার দে, সঞ্জীব দেব, সাংবাদিক শেখর দত্ত, কল্যান সিংহ, সঞ্জীত দেবনাথ সহ আগরতলা প্রেসক্লাবের পরিচালন কমিটির সদস্য সাংবাদিক, চিত্র সাংবাদিকরা সহ-সংবাদ মাধ্যমে প্রতিনিধিরা। বাংলাদেশে সাংবাদিকদের উপর আক্রমণ বন্ধ না হলে আরও বৃহত্তর পরিসরে আন্দোলন ছড়িয়ে দিতে আগরতলা প্রেসক্লাবও যথাযথ ভূমিকা পালন করবে বলে জানিয়েছেন বরিষ্ঠ সাংবাদিকরা।

*************************************

**Tiranga rally :**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ আগরতলা পুর নিগমের ১৪নং ওয়ার্ডের উদ্যোগে এক রেলি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর স্নিগ্ধা দাস দেব সহ অন্যান্যরা।

এদিকে, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ উদয়পুর কে বি আই স্কুল ও অমরপুর দ্বাদশ স্কুলে শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

***************************

**Har Ghar Tiranga-Khowai :**

"হর ঘর তিরঙ্গা" কর্মসূচির অঙ্গ হিসাবে আজ বিকেলে খোয়াই চা বাগান বিরসা মুন্ডা ক্লাবের উদ্যোগে এলাকার সকল অংশের নাগরিকদের মধ্যে জাতীয় পতাকা বিরতণ করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস কান্তি দাস ও বিশিষ্ট সমাজসেবী রমেন সাঁওতাল সহ অন্যান্যরা|

*******************************

**Tiranga Festival-Belonia :**

৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে বিলোনিয়া পুর পরিষদের উদ্যোগে শচীন দেববর্মন অডিটোরিয়ামে আয়োজিত দুইদিনব্যাপী তেরঙ্গা মেলা আজ শেষ হয়েছে। মেলায় ছিল ফুড স্টল, সেল্ফি স্ট্যান্ড, ক্যানভাস ও তেরঙ্গা কনসার্ট। সমাপ্তি দিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শাসক স্মিতা মল এম এস, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ।

**********************************************

**R.K Mahavidyalaya :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় এর উপস্থিতিতে আজ কৈলাশহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের প্লাটিনাম জুবেলি বর্ষ পালনের জন্য কলেজের কনফারেন্স হলে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়।

আগামী পয়লা সেপ্টেম্বর রামকৃষ্ণ মহাবিদ্যালয় ৭৫ বছরের পদার্পণ করবে। এই উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হবে। পয়লা সেপ্টেম্বর বর্ষব্যাপী ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে

প্লাটিনাম জুবেলি বর্ষ উদযাপনের সূচনা হবে। এতে উপস্থিত থাকার জন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা'কে আমন্ত্রণ জানানো হবে। বর্ষব্যাপী কর্মসূচির মধ্যে রয়েছে, রক্তদান শিবির, বৃক্ষরোপণ, আলোচনাচক্র, ফটো গ্যালারী ইত্যাদি।

আজকের বৈঠকে কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, কলেজের অধ্যক্ষ ডক্টর পিনাকী পাল প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠক শেষে মন্ত্রী টিংকু রায় জানান, কলেজের প্লাটিনাম জুবেলি বর্ষ নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপন করার জন্য উপদেষ্টা কমিটি, পরিচালন কমিটি সহ বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে।

*********************************

**Health Camp :**

লায়ন্স ক্লাব আগরতলা সিটি ও সরস্বতী ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আজ আমতলীর ভল্লবপুরে এক স্বাস্থ্য ও চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। প্রায় ২০০ জন রোগীর স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষা নিরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়।

****************************

**Art Compitition :**

স্বাধীনতা দিবস উপলক্ষে আজ সচিবালয়ে সাধারণ প্রশাসন দপ্তরের উদ্যোগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রায় দেড়শতাধিক প্রতিযোগী এই এতে অংশগ্রহণ করে।

********************************

**DYFI :**

ডি.ওয়াই.এফ.আই এর উদ্যোগে স্বাধীনতা দিবস উপলক্ষে আজ নন্দনগর বাজারে অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক নয়ন সরকার, ডি.ওয়াই.এফ.আই এর সদর কমিটির সভাপতি আব্দুল আজিজ, সম্পাদক জয়দীপ রাউত সহ অন্যরা।

*****************************

**Chess champion Arshiya :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৯ দাবা প্রতিযোগিতায় বালক বিভাগে চ্যাম্পিয়ান হয়েছে দেবাংকুর ব্যানার্জি। বালিকা বিভাগে চ্যাপিয়ান হয়েছে আর্শিয়া দাস। আজ আগরতলায় এনএসআরসিসি-র হল ঘরে দুদিনের আসরের শেষদিনে বালক বিভাগে দেবাংকুর ব্যানার্জি পাঁচ ম্যাচে সাড়ে চার পয়েন্ট পেয়ে অপরাজিত চ্যাম্পিয়ান হয়েছে। অন্যদিকে, বালিকা বিভাগে চার রাউন্ডে চার পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ান হয়েছে ত্রিপুরার প্রথম মহিলা মাস্টার দাবাড়ু আর্শিয়া দাস। আসর পরিচালনা করেন নির্মল দাস।

**********************************************

**2nd Division Football :**

টিএফএ পরিচালিত দ্বিতীয় ডিভিশন লীগ ফুটবলে চ্যাম্পিয়ান হয়েছে কল্যাণ সমিতি। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত প্রতিযোগিতার লীগ রাউন্ডের শেষদিনে আজ দুটি খেলা হয়। প্রথম খেলায় বীরেন্দ্র ক্লাব ৪-৩ গোলে মৌচাক ক্লাবকে পরাজিত করে।

লীগ রাউন্ডের শেষ খেলায় কল্যাণ সমিতি ১-০ গোলে স্কাইলারক ক্লাব দলকে পরাজিত করেছে। কল্যাণ সমিতির পক্ষে একমাত্র গোলটি করেন অবর্ণহরি জমাতিয়া। এই জয়ের ফলে আসরে কল্যাণ সমিতি সবচেয়ে বেশি পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ান হয়েছে।

*****************************

**Weather :**

গোমতি, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় আগামী ২৪ ঘন্টায় বজ্র বিদ্যুৎ সহ দু এক ফসলা ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। রাজ্যে আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু এলাকায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।

******************************